



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখা
প্রধান কার্যালয়, ৪১ সেগুন বাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০০.০০৭.০০২৯.২২.১২২

তারিখ: ২৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: প্রতিভা এডুকেশন ডেভেলপমেন্ট এন্ড ওয়েলফেয়ার সোসাইটি ও ফ্রিডম ইন্টারন্যাশনাল এন্টি এ্যালকোহল নামীয় প্রতিষ্ঠান কর্তৃক স্টিকার বিতরণের নামে অর্থ আদায়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণ

সূত্র: ১। উপপরিচালক, জেলা কার্যালয়, নোয়াখালী'র ১৭/২/২০২৬ তারিখের পত্র সংখ্যা-৭

২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ৯/২/২০২৩ তারিখের পত্র সংখ্যা-৬২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডাঃ মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, প্রতিভা এডুকেশন ডেভেলপমেন্ট এন্ড ওয়েলফেয়ার সোসাইটি ও প্রেসিডেন্ট, ফ্রিডম ইন্টারন্যাশনাল এন্টি এ্যালকোহল কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মাঝে ১০/- বিনিময়ে বাধ্যতামূলকভাবে নেশা বিরোধী স্টিকার বিক্রয়ের মাধ্যমে অর্থ আদায়ের অভিযোগ রয়েছে। এ বিষয়ে সূত্রোক্ত ২ নং স্মারকের মাধ্যমে অধিদপ্তরের সকল বিভাগীয় কার্যালয়ের অতিরিক্ত পরিচালক এবং সকল জেলা কার্যালয়কে সতর্কতা অবলম্বন করে পত্র প্রেরণ করা হলেও প্রতিষ্ঠানটি বিভিন্ন অপকৌশলে এ কার্যক্রম অব্যাহত রেখেছেন।

২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সম্পূর্ণ বিনামূল্যে বিভিন্ন মাদকবিরোধী প্রচার সামগ্রী বিতরণ করে থাকে। মাদকবিরোধী প্রচার সামগ্রী বিক্রয় বা তা প্রদান করে কোমলমতি ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অর্থ নেয়ার বিষয়টি খুবই ন্যাকার জনক ঘটনা। ডাঃ মোঃ আনোয়ার হোসেন কর্তৃক প্রশাসনের বিভিন্ন পদধারী ব্যক্তির নাম ভাংগিয়ে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অর্থ আদায়ের বিষয়ে ২নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে অধিদপ্তরের সকল বিভাগীয় কার্যালয়ের অতিরিক্ত পরিচালকগণকে সতর্কতা অবলম্বনের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়।

৩। এমতাবস্থায়, ডাঃ মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, প্রতিভা এডুকেশন ডেভেলপমেন্ট এন্ড ওয়েলফেয়ার সোসাইটি ও প্রেসিডেন্ট, ফ্রিডম ইন্টারন্যাশনাল এন্টি এ্যালকোহল নামীয় প্রতিষ্ঠান কর্তৃক অর্থের বিনিময়ে এবং প্রশাসনের বিভিন্ন কর্মকর্তার নাম ভাঙিয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীসহ অন্যান্য সাধারণ মানুষের কাছে কোন প্রকার স্টিকার, লিফলেট বিক্রি করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১-০৪-২০২৬

মোঃ হাসান মারুফ

মহাপরিচালক

ফোন : ২২৬৬৬৪৪০০

ফ্যাক্স : ০২-৪৮৩২২১৮৬

ইমেইল : dg@dnc.gov.bd

সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০০.০০৭.০০২৯.২২.১২২/১ (১০)

তারিখ: ২৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক, ব্যুরো, ঢাকা।
- ৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ, ।
- ৫। জেলা প্রশাসক (সকল),।
- ৬। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল),।
- ৭। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল),।
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),।
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), এবং
- ১০। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(Handwritten signature)

১১-০৪-২০২৬
মোঃ হাসান মারুফ
মহাপরিচালক